স্মারক নং- বাজুস/প্রেস বিজ্ঞপ্তি/০১১/৪৪১/২০২৩ তারিখঃ ১৬ নভেম্বর, ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

১৬ নভেম্বর- ২০২৩

## বাজুস সদস্যদের চিকিৎসা সেবা দিলো ইউনাইটেড হসপিটাল

দেশের ঐতিহ্যবাহী বাণিজ্য সংগঠন বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস সদস্যদের চিকিৎসা সেবা দিয়েছে খ্যাতনামা স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ইউনাইটেড হসপিটাল। বিশ্ব ডায়াবেটিস দিবস-২০২৩ উপলক্ষ্যে বাজুস সদস্যদের স্বাস্থ্য সুরক্ষায় এই বিশেষজ্ঞ চিকিৎসা সেবা প্রদান করা হয়। পাশাপাশি আগামী দিনে বাজুস সদস্যদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে ল্যাব পরীক্ষায় ২০ শতাংশ, রেডিওলজিতে ১০ শতাংশ, বেড ভাড়ায় ৫ শতাংশ, আইসিইউ ও সিসিইউ'তে ১০ শতাংশ এবং সিআইসিইউ'তে ১০ শতাংশ মূল্যছাড় প্রদান করবে ইউনাইটেড হসপিটাল।

আজ ১৬ নভেম্বর- ২০২৩, বৃহস্পতিবার রাজধানীর পান্থপথে বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স বাজুস কার্যালয়ে আয়োজিত বাজুস সদস্যদের স্বাস্থ্য সুরক্ষায় বিশেষজ্ঞ চিকিৎসা সেবা' শীর্ষক স্বাস্থ্য সেবা ক্যাম্প ও সেমিনারে এই তথ্য জানানো হয়। বাজুস উপদেষ্টা রুহুল আমিন রাসেলের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন বাজুসের সহ-সভাপতি রিপনুল হাসান ও মাসুদুর রহমান, কোষাধ্যক্ষ উত্তম বণিক, ইউনাইটেড হসপিটালের হেড অব ডায়াবেটিস ক্লিনিকের চিকিৎসক ডাঃ মোঃ এজাজ বারী চৌধুরী, ডাঃ ফারজানা জিনিয়া প্রমুখ।

বিশ্ব ডায়াবেটিস দিবস-২০২৩ উপলক্ষ্যে আয়োজিত ওই সেমিনারে বাজুস সদস্যদের বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা বিভিন্ন প্রকার স্বাস্থ্য সেবা এবং পরামর্শ প্রদান করা হয়। সেমিনারে উপস্থিত বাজুস সদস্যদের মাঝে ডায়াবেটিস রোগ সম্পর্কিত জরুরি তথ্য প্রদান এবং এ রোগ থেকে নিরাপদ থাকার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

ধন্যবাদসহ,

**মোঃ তানভীর আহমেদ**
সহকারী মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস